T-755 1000 Rs.

INDIA NON JUDICIAL

१००० रु.

Rs 1000

भारत

एक हज़ार रुपये ONE THOUSAND RUPEES

WEST BENGAL

1192-50.

23+56+4

660.

1852.50.

24.5.73

| গ্রহিতা ঃ | দাতা ঃ |
| --- | --- |
| ১। শ্রীযুক্ত অহীন্দ্র কুমার ঘোষ | ১। শ্রী অশোক কুমার ঘোষ |
| পিতা শ্রীযুক্ত ধীরেন্দ্র কুমার ঘোষ | পিতা শ্রী ভূতনাথ ঘোষ |
| ২। শ্রী যুক্ত সমরেন্দ্র কুমার-ঘোষ | জাতি হিন্দু, পেশা চাকুরী |
| পিতা শ্রীযুক্ত ধীরেন্দ্র কুমার ঘোষ | সাং ১৯ নং বারোয়ারী তলা রোড |
| ৩। শ্রীযুক্ত জহিরেন্দ্র কুমার ঘোষ | থানা বেলেঘাটা, কলিকাতা - ১০ |
| ওরফে জহর কুমার ঘোষ | জিলা ২৪ পরগণা। |
| পিতা শ্রীযুক্ত ধীরেন্দ্র কুমার ঘোষ | ২। শ্রী ভূত নাথ ঘোষ |
| সর্ব্ব জাতি হিন্দু, পেশা ব্যবসা | পিতা ৺কির্ত্তিবাস ঘোষ |
| সর্ব্ব সাং ২১ নং বারোয়ারী তলা | জাতি হিন্দু, পেশা চাকুরী |
| রোড, থানা বেলেঘাটা | সাং ১৯ নং বারোয়ারী তলা রোড |
| কলিকাতা -১০, জিলা ২৪পরগণা। | থানা বেলেঘাটা, কলিকাতা - ১০ |
| | জিলা ২৪ পরগণা। কনফারমিং পার্টি |

জেরা ......

750 Rs.

INDIA NON JUDICIAL

৭৫০ রু.

Rs 750

भारत

सात सौ पचास रुपया SEVEN HUNDRED & FIFTY RUPEES



জেলা ২৪ পরগণা থানা বেলেঘাটা সবরেজিষ্ট্রী শিয়ালদহ অধীন ডিহি পঞ্চান্ন গ্রাম সংক্রান্ত সাবেক ১২৯৮ হাল ২৮৩৩ নং তৌজী ভুক্ত আলীপুর খাসমহাল ভুক্ত ৩ ডিভিশন ১৫ সাবডিভিশন ভুক্ত ৭৮ নং হোল্ডিং ভুক্ত মৌজে কুলিয়া গ্রামে কলিকাতা করপোরেশনের সাবেক ১৩ নং হাল ১৯ নং পাতরায়ারী জলা রোড প্রেমিসেস ভুক্ত নিষ্কর বৃত্তির কমবেশ ।০।/০ পাঁচ কাঠা পাঁচ ছটাক হাল মাপে ।০/।৵২৫ পাঁচ কাঠা ছয় ছটাক পতিত স্কোয়ার ফিট বাস্তু জমি সায় তদুপরিস্থিত ২ কামরা পাকা ঘর ও পাকা দেওয়াল ও টীনের ছাউনিযুক্ত ৮ কামরা ঘর ও একটী মোটর গ্যারেজ ও চারি কামরা রান্না ঘর ১ টী বাথরুম ২টী পাকা পাইখানা এক কানেকসানে ২টী জলের কল, ইলেকট্রীক লাইট সায় সাজপাট সহ যাবতীয় হক হকুক বিক্রয়ের কোবালা মূল্য ৩৩০০০৲ টাকা। কস্য আলীপুর

INDIA NON JUDICIAL

১০০রু. Rs 100

भारत

एक सौ रुपया ONE HUNDRED RUPEES

। ৩ ।

আলীপুর খাস মহাল ভুক্ত নিষ্কর স্বত্বীয় বাস্তু জমি সায় তৎস্হিত পাকা ঘর ও পাকা দেওয়াল সংযুক্ত গৃহাদি সায় যাবতীয় ইজমেন্ট সত্ত্বাদি সহ জলের কল, ইলেকট্রীক লাইট সহ সমাজ পাট পায়খানাদি সহ যাবতীয় হক হকুক যাহা নিম্ন তপশীলে বিশদ ভাবে বর্ণিত হইল তাহা বিক্রয়ের কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে আমি ১ নং কোবালা দাতা নাবালক থাকা কালীন আমার সত্ত ও স্বত্ব আমার পিতা ২ নং কনফারমীং পার্টি আমার নামে নিম্ন তপশীল বর্ণিত বাস্তু জমি ও তৎকালে স্হিত গৃহাদি সহ যাবতীয় হক হকুক সরোজ গোপাল ঘোষ হইতে বৈধ প্রকৃতি মূলে মূল্যের টাকা প্রদানে বিগত ইং ১৪।৫।৫৮ তারিখে রেজেস্ট্রীকৃত কোবালা মূলে খরিদ করেন উক্ত কোবালা শিবাদহ সাবরেজিস্ট্রী অফিসে ১ নং বুকের ৩১ নং ভলুমের ১৩১ নং হইতে ১৩৬ নং পৃষ্ঠায় লিখিত হইয়া ১৯৫৮ সালের

2R$50nP






সালের ১১৫৪ নং বিং এ রীতিমত রেজেষ্ট্রী হইয়াছে । উক্ত সরোজ গোপাল ঘোষ মহাশয় নিম্ন তপশীল বর্ণিত বাস্তু জমি ও তৎকালে স্থিত গৃহাদি বিভিন্ন ব্যক্তি মারফত স্যানুর মতে পূর্ব্বতন মালিক ফকির চাঁদ পণ্ডিত মহাশয় হইতে বিগত ১৯২৬ সালের ৮ই অকটোবর বাংলা ১৩৩৩ সালের ২১ আশ্বিন তারিখে রেজেষ্ট্রীকৃত কোবালা মূলে খরিদ করিয়া মালিক দখলকার থাকাবস্থায় উক্ত সরোজ গোপাল ঘোষ মহাশয় আমি ১ নং কোবালা দাতার নিকট পূর্ব্বোক্ত মতে রেজেষ্ট্রীকৃত কোবালা মূলে বিক্রয় করেন । উক্ত মতে খরিদ ক্রমে আমি ১ নং কোবালা দাতা পক্ষে ২ নং কনফারমিং পার্টী উক্ত নিম্ন তপশীল বর্ণিত গৃহাদি সংস্কার করতঃ আলিপুর খাস মহাল অফিসে ও কলিকাতা করপোরেশনে নামজারী আদি ক্রমে কলিকাতা করপোরেশনের ট্যাক্সাদি আদায় ক্রমে বিলাদি প্রাপ্ত পূর্ব্ববর্তী

পূর্ব্ববর্ত্তী ও পূর্ব্বাধিকারীগণ ক্রমে দ্বাদশ বর্ষের উর্দ্ধকালীয় অন্যের বিরুদ্ধ দখলজনিত স্বত্বে দান, বিক্রয়, বন্ধক যাবতীয় হস্তান্তরের ক্ষমতাযুক্তে ভাড়াটীয়া বসাইয়া ও উচ্ছেদ ক্রমে যাবতীয় স্বত্বদখল পরিচালনে নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিয়া আসিতেছি। আমি ১ নং কোবালা দাতা বহুকাল পূর্ব্বে সাবালক হইয়াছি এবং ১ নং দাতা বহুকাল হইতেই নিজে নিম্নে তপশীল বর্ণিত বাস্তু জমি আদি দেখাশুনা ও শাসন সংরক্ষণ করিয়া আসিতেছি। বিক্রীত নিম্ন তপশীল বর্ণিত বাস্তু জমি আদিতে আমার পিতা ২ নং কনফারমিং পার্টী মহাশয়ের কোনপ্রকার স্বত্বদখল নাই ও ছিল না তথাপি আপনারা গ্রহীতাগণ আমার পিতাকে এই কোবালায় যোগ দিতে বলায় আমার পিতা মহাশয় এই কোবালায় ২ নং কনফারমিং পার্টী হিসাবে যোগ দিয়া এই কোবালা সহি সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিলেন। ১ নং কোবালা দাতা অন্যত্র আমাদের নূতন বসতবাড়ী নির্ম্মান করিতেছি ও করাইতেছি তদরুণ টাকার প্রয়োজনে ও অন্যান্য কারণে টাকার দরকার হওয়ায় নিম্ন তপশীল বর্ণিত বাস্তু জমি মায় গৃহাদি সহ যাবতীয় হক হকুক বিক্রয় করার ঘোষনা করিলে আপনারা গ্রহীতাগন সর্ব্বোচ্চ বাজার মূল্য মং ৩৩০০০্ তেত্রিশ হাজার টাকা মূল্যে খরিদ করিতে ইচ্ছা প্রকাশ করিলে ও আমি ১ নং দাতা ঐ মূল্যে বিক্রয় করিতে সম্মত হইয়া আপনারা গ্রহীতাগন হইতে পণের অন্দরে মং ২০০০্ দুই হাজার টাকা বায়না স্বরূপ গ্রহণে বিগত ২৩।২।৭৩ ইং তারিখে আপনাদের পক্ষে

পক্ষে শ্রীযুক্ত বীরেন্দ্র কুমার ঘোষ মহাশয় বরাবরে একখণ্ড বায়নাপত্র সহি সম্পাদন করিয়া দিয়াছি উক্ত বায়নাপত্রে উক্ত বীরেন্দ্র কুমার ঘোষ মহাশয়ের মনোনীত ব্যক্তিগণ হইতে মূল্যাদি গ্রহণে উক্ত মনোনীত ব্যক্তিগণ বরাবরে কোবালা সম্পাদন ও রেজেস্ট্রী করিয়া দিব কথা থাকে উক্ত মতে বায়না বাবদ টাকা গ্রহণের পর আমাদের টাকার প্রয়োজন হওয়ায় বায়নাপত্রের পৃষ্ঠে ওয়াশিল লিখিয়া ইং ৫।৩।৭৩ তারিখে মং ৩০০০৲ তিন হাজার টাকা ও ইং ১২।৩।৭৩ তারিখে মং ৭০০০৲ সাত হাজার টাকা ও ইং ২১।৪।৭৩ তারিখে মং ৪০০০৲ চারি হাজার টাকা ও ইং ৭।৪।৭৩ মং ১৫০০৲ এক হাজার পাঁচ শত টাকা ও ইং ১১।৪।৭৩ তারিখে মং ১০০০৲ এক হাজার মোট মং ১৮৫০০৲ আঠার হাজার পাঁচ শত টাকা মাত্র পণের অন্দরে গ্রহণ করিয়াছি । অদ্য তারিখে নিম্ন জায়মতে পণের বক্রী মং ১৪৫০০৲ চৌদ্দ হাজার পাঁচ শত টাকা আপনাদের নিকট হইতে শ্রীযুক্ত বীরেন্দ্র কুমার ঘোষ মহাশয়ের মারফৎ নগদ বুঝিয়া পাইয়া নিম্ন তপশীল বর্ণিত বাস্তু জমি আদি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আপনারা গ্রহীতাগণের নিকট সাফ বিক্রয় করিয়া এই কোবালা সহি সম্পাদন ইহা স্বীকার, অঙ্গীকার ও ঘোষণা করিতেছি অদ্য হইতে আমি ১ নং দাতার সর্ব্ব প্রকার সত্ত্বদখল চিরতরে লুপ্ত হইয়া আপনারা গ্রহীতাতে পর্য্যাপ্ত হইলে অদ্য হইতে আপনারা ১ নং গ্রহীতা ।০ চারি আনা অংশ ও ২ নং গ্রহীতা

গ্রহীতা ।।০ আট আনা অংশে এবং ৩ নং গ্রহীতা ।০ চারি আনা অংশে মালিক দখলকার হইয়া আপনারা গ্রহীতাগন আমি দাতার স্থলে আলীপুর খাস মহাল অফিসে ও কলিকাতা কর্পোরেশন অফিসে নামজারী আদি ক্রমে ও কলিকাতা করপোরেশনে ওনার অকুপায়ার ট্যাক্সাদি আদায় দিয়া বিলাদি প্রাপ্তে ভাড়াটিয়া গন হইতে বাকী বকেয়া ভাড়াদি আদায়ে ভাড়াটীয়া উঠাইয়া বসাইয়া ও বাস্তু বাড়ীর উন্নতি সাধনে দান, বিক্রয় বন্ধক যাবতীয় হস্তান্তরের ক্ষমতাযুক্ত যাবতীয় সত্ত্ব দখল পরিচালনে নিব্যূঢ় স্বত্ত্বে মালিক দখলকার রহেন ও ভোগদখল করিতে রহেন ইহাতে আমি কি আমার ওয়ারীশ স্থলবর্ত্তীগণ কেহ কোন প্রকার ওজর আপত্তি, করিতে পারিব না করিলেও সর্ব্বদা সর্ব্ব আদালতে ও সর্ব্বস্থানে অগ্রাহ্য নামঞ্জুর ও বাতিল গণ্য হইবে। আমি দাতা ইহাও স্বীকার অঙ্গীকার ওঘোষণা করিতেছি যে তপশীল বিক্রীত বাস্তু জমি আদি আমরা দাতাগনের কোন ঋণের দায়ে নালিশ হইয়া অগ্রিম ক্রোকাবদ্ধ হয় নাই ও নাই কি আমরা দাতাগণের বিরুদ্ধে কোন ডিক্রী হইয়া ঐ ডিক্রী মূলে কোন প্রকার ক্রোকাবদ্ধ নাই ও নীলাম হয় নাই। কি কোন বণিক সম্প্রদায় কি এষ্টেট গভর্ণমেন্ট কি কেন্দ্রীয় গভর্ণমেন্ট কর্ত্তৃক গৃহীত হয় নাই কি গভর্ণমেন্ট কি অন্য কোন অথরিটী দ্বারা হস্তান্তর করিতে বারিত হই নাই কি কোন প্রকার দেবসেবায় অর্পিত হয় নাই কি কোন মেইনটেনান্স চার্জ্জে আবদ্ধ

আবদ্ধ নাই ও হয় নাই কি কোন প্রকার দেবত্র করা হয় নাই কি কোন চার্জ সম্পত্তি নহে কি আপনারা গ্রহীতাগণ ভিন্ন অপর কাহারও নিকট ইতি পূর্ব্বে কি কখনও কোন প্রকার বিক্রয়ের চুক্তিতে আবদ্ধ হইনাই আপনারা গ্রহীতাগণ আমাদের কথার সরল বিশ্বাসে সার্চাদি না করিয়া সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় খরিদ করিলে উক্ত উক্ত উক্তি সমূহ কি তাহার কোন কথা মিথ্যা বলিয়া প্রকাশ পাইলে কি প্রমাণিত হইলে আমরা দাতাগণ আক্তি আইনের আমলে আসিব এবং আপনারা গ্রহীতাগণের সর্ব্বপ্রকার ক্ষতি পূরণ করিতে বাধ্য ও দায়ী রহিলাম । প্রকাশ থাকে যে আমি ২ নং কনফারমিং পার্টী কোবালা দাতা এই কোবালার লিখিত সমস্ত উক্তি সকল সত্য বলিয়া স্বীকারে এই কোবালায় ১ নং কোবালা দাতা সহ যোগ দিয়া এই কোবালা সহি সম্পাদন এ রেজেষ্ট্রী করিয়া দিলাম ।

ইহাও প্রকাশ থাকে যে আপনারা দাতাগণের স্বত্ব পারফেক্ট সম্পূর্ণ করার্থে ভবিষ্যতে কখনও কোন দলিল সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দেওয়ার প্রয়োজন হইলে আমরা কোবালা দাতাগন ওয়ারীশ স্থলবর্ত্তীগন ক্রমে আপনারা গ্রহীতাগনের খরচে বিনা ওজরএ উক্ত রূপ দলিলাদি সহি সম্পাদনে রেজেষ্ট্রী করিয়া দিব ও দিতে বাধ্য ও দায়ী রহিলাম । আরও প্রকাশ থাকে যে বিক্রয়ের তারিখ পর্য্যন্ত অনাদায়ী সম্পূর্ণ করলাভেলের

করপোরেশনের ট্যাক্স ও অন্যান্য চার্জ্জ ইত্যাদি আমি ১ নং দাতা আদায় দিব ও দিতে বাধ্য রহিলাম।

এতদার্থে সুজ্ঞানে সুস্থ শরীরে অন্যের বিনা অনুরোধে আমরা দাতাগনের নিজ নিজ স্বাধীন প্রবৃত্তি মুলে মূল্যের মং ৩৩০০০ তেত্রিশ হাজার টাকা নিম্ন জায়মত আপনারা গ্রহীতাগন হইতে আপনাদের আত্মীয় শ্রীযুক্ত বীরেন্দ্র কুমার ঘোষ মহাশয়ের মারফত নগদ বুঝিয়া পাইয়া এই কোবালা সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি তাং ২৯শে বৈশাখ ১৩৮০ সাল ইং ৪/৫/৭৩

তপশীল বিক্রিত সম্পত্তি

জিলা ২৪ পরগণা থানা বেলেঘাটা সবরেজিষ্ট্রী শিয়ালদহ অধীন ডিহি পঞ্চান্নগ্রাম সংক্রান্ত সাবেক ১২৯৮ হাল ২৮৩৩ নং তৌজী ভুক্ত আলাপুর খাস মহাল ভুক্ত ৩ ডিভিসন ১৫ নং সবডিভিসন অধীন ৭৮ নং হোল্ডিং ভুক্ত মৌজা কুলিয়া গ্রামে কলিকাতা করপোরেশনের সাবেক ১৩ নং হাল ১৯ নং বারোয়ারীতলা রোড প্রেমিসেস ভুক্ত ক্ষেত্রফল ১০। [illegible] চ কাঠা পাঁচ ছটাক হাল মাপ ৫।৬।২৫ পাঁচ কাঠা ছয় ছটাক পঁচিশ স্কোয়ার ফিট নিষ্কর সর্ব্বীয় খাস মহাল ভুক্ত বাস্তু জমি ও তৎস্থিত ২ দুই কামরা পাকা ঘর ও ইটের দেওয়াল ও টীনের ছাউনী যুক্ত ৮ আট কামরা ঘর ও একটী মোটর গ্যারেজ ও ৪ চারি কামরা রান্না ঘর ১টী বাথরুম ২টী পাকা পাইখানা এক কানেকশনে ২টি জলের কল ইলেকট্রীক লাইট সহ যাবতীয় আবর

আবর যাওয়াআসাদি সমাজ পাট সহ যায় যাবতীয় ইজমেন্ট সত্বাদি সহ যাবতীয় হক হকুক বিক্রিত ।

অত্র চৌহদ্দি ঃ

উত্তরে ঃ বারোয়ারী তলা রোড ।

পূর্ব্বে ঃ ১৮ নং বারোয়ারী তলা রোড ॥ রামবাবুর বাগান ॥

দক্ষিনে ঃ ৩৭ নং হোল্ডিং ভুক্ত রাম বাবুর বাগান ।

পশ্চিমেঃ বিক্রীত সম্পত্তির নিজস্ব ড্রেন এবং পরে ৮১ নং হোল্ডিং ভুক্ত ধীরেন্দ্র কুমার ঘোষ দিং এর জমি ও বাটী

তপশীল টাকার জায়

বায়না পত্র কালীন ........................................ ২০০০্টাকা

তৎপর বিভিন্ন তারিখে কোবালার লিখিত মতে .......... ১৬৫০০্টাকা

অদ্য তারিখ প্রতি খানা ১০০্টাকার নোটে ১৪০ খানায় .... ১৪০০০্

অদ্য তারিখ প্রতিখানা ১০্ টাকার নোটে ৩০ খানায় ..... ৩০০্

,, ,, ,,, ৫্টাকার নোটে ৪০ খানায় ..... ২০০্

মোট ৩৩০০০্ টাকা

মবলগে তেত্রিশ হাজার টাকা মাত্র ।

তপশীল দলিলের জায়

১। ....

১। সরোজ গোপাল ঘোষ বরাবরে ফকির চাঁদ পণ্ডিতের সম্পাদিত ও রেজেস্ট্রী কৃত ইং ৮।১০।২৬ তারিখের কোবালা এককেতা।

২। ফকির চাঁদ পণ্ডিত বরাবরে অখিল চট্টোপাধ্যায় সম্পাদিত ও রেজেস্ট্রী কৃত ইং ১।৫।২৩ তারিখের কোবালা ১ কেতা

৩। লারিত দেওয়া কর্ত্তৃক নবীন চন্দ্র চট্টোপাধ্যায় বরাবরে ইং ২৭।৯।১৯০৫ তারিখের সম্পাদিত ও রেজেস্ট্রীকৃত কোবালা ১ কেতা

৪। মতিলাল দাস সিং এর বরাবরে গোপাল চন্দ্র পাত্র কর্ত্তৃক সম্পাদিত ইং ২।১১।১৯০৩ তারিখের কোবালার নকল ১ কেতা

৫। গোপাল চন্দ্র পাত্র বরাবরে গিরীশ চন্দ্র মিত্র কর্ত্তৃক ইং ১৩।১১।১৮৯১ তারিখের সম্পাদিত ও রেজেস্ট্রীকৃত কোবালা ১ কেতা

৬। গিরীশ চন্দ্র মিত্র বরাবরে তারাপ্রসন্ন মুখোপাধ্যায় কর্ত্তৃক ২৭।৫।১৮০৯ তারিখের সম্পাদিত ও রেজেস্ট্রীকৃত কোবালা ১ কেতা

৭। ৩-১৫-৭৮ নং হোল্ডিং এর ইং ২০।৭।১৯২৭ তারিখের নিষ্করের সার্টিফিকেট ১ কেতা

৮। ক্ষেত্রনাথ পোদ্দারের খালাশী বন্ধকী খত ১ কেতা

৯। বাড়ী ভাড়ার বিল

১০। মিউনিসিপ্যালিটির ট্যাক্স আদায়ী বিল খানা

১১। ১ নং দাতা বরাবরে সরোজ গোপাল ঘোষ সম্পাদিত ও রেজেস্ট্রী কৃত ইং ১৪।৫।৫৮ তারিখের উইপোকা কাটা কোবালা দলিল ১ কেতা

ইসাদী –

শ্রী অশোক কুমার ঘোষ

শ্রীদুর্গা নাথ ঘোষ

Witness
Jonaki Nath Chatterjee
Pleader Judges' Court
Alipur

শ্রী নিখিলকান্তি চক্রবর্তী

শ্রী হরি পদ দে

টাইপকারক ঃ

শ্রী রতন চন্দ্র দোলুই

শ্রী রতন চন্দ্র দোলুই
শিয়ালদহ সিভিল কোর্ট
কলিকাতা –

N-50.
13/6/73

Book No. 1
Volume No. 25
Pages 143 to 150
Being No. 755
for the Year 19 73.

4/5/73

Sub-Registrar, Sealdah,
24 Parganas.

Sub-Registrar, Sealdah,
24 Parganas.

25. 5. 73.

SEAL OF THE ASSESSOR
Corporation of Calcutta

21.81
Assessor
21/1/81